দৈনিক খবর

তারিখ ... 22 DEC 1989
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২

# কবি জসীম উদ্দীন একাডেমীর পুরস্কার '৮৯ ঘোষণা

কবি জসীম উদ্দীন একাডেমী এ বছর কবি জসীম উদ্দীন ও সাহিত্য পুরস্কার '৮৯ প্রদানের কথা ঘোষণা করেছে। পল্লী সঙ্গীতে বিশেষ অবদানের জন্য বেগম নীনা হামিদকে সঙ্গীত পুরস্কার এবং বিশিষ্ট কবি, প্রাবন্ধিক ও গীতিকার ডক্টর আবু হেনা মোস্তফা কামালকে সাহিত্য পুরস্কার (মরণোত্তর) প্রদান করা হবে। আগামী ১লা জানুয়ারী '৯০ কবি জসীম উদ্দীনের জন্মদিনে এক অনুষ্ঠানের মাধ্যমে একাডেমী বিশ্ববিখ্যাত সঙ্গীতকলাবিদ পন্ডিত রবি শংকরকে কবি জসীম উদ্দীন একাডেমী

৭-এর পাতায় দেখুন

## কবি জসীম উদ্দীন

প্রথম পৃষ্ঠার পর

সঙ্গীত পুরস্কার '৮৩ প্রদান করেছে। উল্লেখ্য যে, ১৯৮৩ সালে এই পুরস্কার ঘোষণা করা হয়। ঐ বছর নক্সী কাঁথার মাঠ-এর ইতালী ভাষার অনুবাদক কবি ফাদার মারিনো রিগনকে সাহিত্য এবং সঙ্গীতে পন্ডিত রবি শংকরকে পুরস্কার দেয়া হয়। পন্ডিত রবি শংকর দীর্ঘদিন যুক্তরাষ্ট্রে অবস্থান করায় এতদিন এই পুরস্কার হস্তান্তর করা সম্ভব হয়নি। সম্প্রতি বাংলাদেশ সরকারের আমন্ত্রণে তিনি ঢাকায় এলে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে একাডেমীর পরিচালক হাসনা মওদুদ এই পদক প্রদান করেন। প্রেস বিজ্ঞপ্তি।